

যায়যায়দিন

মঙ্গলবার, ০৩ অক্টোবর ২০২৩, ১৯ আশ্বিন ১৪৩০

১৯৮৪ থেকে



এনএসইউ ও তাসমানিয়া বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক স্বাক্ষরিত

একাডেমিক এবং যৌথ গবেষণা উদ্যোগ বাড়ানোর লক্ষ্যে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) এবং ইউনিভার্সিটি অব তাসমানিয়ার (ইউটিএএস) মধ্যে গত ২৯ সেপ্টেম্বর একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। অস্ট্রেলিয়ার হোবার্টে স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দুই বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা।

এনএসইউ উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম এবং তাসমানিয়া বিশ্ববিদ্যালয়ের এক্সিকিউটিভ ডিন অধ্যাপক স্টুয়ার্ট ক্রিস্পিন নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

অনলাইনে অনুষ্ঠানে যোগ দেন এনএসইউ'র অফিস অব এক্সটার্নাল অ্যাফেয়ার্সের পরিচালক ডক্টর ক্যাথরিন লি এবং সহকারী পরিচালক ডা. হাসানুজ্জামান। ইউটিএএস'র পক্ষে ছিলেন- কলেজ অব বিজনেস অ্যান্ড ইকোনমিক্সের স্ট্র্যাটেজি অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্টের পরিচালক জুলি হেন্ডারসন এবং ইন্টারন্যাশনাল এনগেজমেন্ট অফিসার টাইলার ব্রুন।

অধ্যাপক আতিকুল ইসলাম সমঝোতার সম্ভাবনা সম্পর্কে উচ্ছ্বাস প্রকাশ করে বলেন, 'তাসমানিয়া বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এই অংশীদারিত্ব আমাদের শিক্ষার্থীদের বৈশ্বিক সুযোগ প্রদান করবে। এনএসইউতে শিক্ষা ও গবেষণার মান বাড়ানোর জন্য আমাদের প্রতিশ্রুতিতে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।'

এনএসইউ এবং ইউটিএএস'র মধ্যে সহযোগিতা ডক্টরাল প্রার্থীদের জন্য নতুন দিগন্ত উন্মোচন করবে। একই সঙ্গে উভয় প্রতিষ্ঠানের বৈশ্বিক অবস্থান এবং খ্যাতি বাড়িয়ে বিশ্বব্যাপী জ্ঞানের ভিত্তি সমৃদ্ধকরণে উল্লেখযোগ্য অবদান রাখবে। সংবাদ বিজ্ঞপ্তি